ঢাকা ওয়াসা

বিষয় ঃ **Lowering and leveling 110 mm dia HDPE waterline at Malibagh Baganbari area near Malibagh railgate under MODS Zone-6, Dhaka WASA.**

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৬ এর আওতাধীন ডিএমএ-৬১১ এর মালিবাগ বাগানবাড়ী এলাকার রেলগেইট সংলগ্ন ৫০৮নং হতে ৫১৫নং হোল্ডিং পর্যন্ত বেশ কিছুদিন যাবৎ পানি না পাওয়ায় সম্মানীত গ্রাহকগণ ঢাকা ওয়াসা কল সেন্টার, অত্র জোনের অভিযোগ কেন্দ্রে এবং সংশ্লিষ্ট এলাকার সম্মানীত কাউন্সিলরকে বিষয়টি জানান। সেই প্রেক্ষিতে উক্ত এলাকার কাউন্সিলর পানির সমস্যা সমাধানের জন্য ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ওয়াসা বরাবর আবেদন করেন (কপি সংযুক্ত)। অভিযোগের প্রেক্ষিতে এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, দীর্ঘদিন ধরে তারা পানি পায় না। বিশেষ করে দেখা যায় যে, শুষ্ক মৌসুমে অত্র এলাকায় প্রায় সময়ই পানি না পেয়ে থাকে এবং অত্র এলাকায় সংকট বিরাজ করছে। অত্র ডিএমএ-৬১১ এর নক্সা পর্যালোচনা করে দেখা যায় যে, সেখানকার ব্রাঞ্চ রাস্তাগুলোতে বিদ্যমান পানির লাইনগুলো উঁচু/নীচু রয়েছে। পানির প্রেসার কম হলেই সেখানকার গ্রাহকগণ পানি না পাওয়ার সমস্যায় ভোগেন এবং আবেদনে উল্লেখ করেছেন ১৫০ মিটার একেবারেই পানি প্রবেশ করছে না এবং পানির লাইনটি উঁচু/নীচুতে রয়েছে। ১৫০ মিটার পানির লাইনের মধ্যে ২০ মিটার পানির লাইন চেক করলে মালিবাগ বাগানবাড়ী রেলগেইট সংলগ্ন ৫০৮নং হতে ৫১৫নং হোল্ডিং পর্যন্ত গ্রাহকগণ পানি পাবে। উক্ত এলাকায় পানি সরবরাহ স্বাভাবিক রাখার স্বার্থে পানির লাইন মেরামতসহ নীচু/লেভেল করা প্রয়োজন। সেই মোতাবেক উল্লেখিত কাজের একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে টাঃ-৪৮,৮৪৮/- (আটচল্লিশ হাজার আটশত আটচল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৬ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার **water line maintenance** কোড নং-(০১-০৪-০০১) ক্রমিক নং-৪৪ হতে নির্বাহ করা হবে। যাহা পরবর্তীতে সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হবে।

০২। এমতাবস্থায়, Lowering and leveling 110 mm dia HDPE waterline at Malibagh Baganbari area near Malibagh railgate under MODS Zone-6, Dhaka WASA কাজটি সম্পন্ন করার জন্য পাবলিক প্রকিউরমেন্ট রুলস্-২০০৮ এর ৭৬/১(ট) বিধি অনুসারে ঠিকাদারের সহিত সরাসরি চুক্তি পদ্ধতিতে (ভৌতসেবা) "মেসার্স রাইসা রাহি এন্ড কোং" এর মাধ্যমে কাজটি করানোর লক্ষ্যে প্রাক্কলিত খরচ বাবদ সর্বমোট টাঃ-৪৮,৮৪৮/- (আটচল্লিশ হাজার আটশত আটচল্লিশ) টাকা মাত্র সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

SE, MODS-1

[signature] 20/03/24
মোঃ মোস্তাফিজুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

AE
[signature] 20.03.2024
মোঃ সাইফুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

EE
[signature] 20/03/24
প্রকৌঃ মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

নং-৪৬০/৮৬
20/03/24

০৩। অনুচ্ছেদ-২ এ প্রস্তাব প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

[signature] 2০/০৩/২০২৪
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE
অনুমোদিত।
[signature] 20/03/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা